গফরগাঁও মুক্ত দিবস, শহিদ বুদ্ধিজীবী দিবস এবং মহান বিজয় দিবস-২০২৫ উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

| | |
|---|---|
| সভাপতি : | এন.এম.আবদুল্লাহ-আল-মামুন<br>উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ |
| সভার স্থান : | উপজেলা পরিষদ সভা কক্ষ |
| তারিখ : | ২০ নভেম্বর ২০২৫ খ্রি. সময় : সকাল ১০:০০ মিনিট |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগী সকল বীর মুক্তিযোদ্ধার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর মুক্তিযুদ্ধ ও মহান স্বাধীনতা সংগ্রামে শহিদ ও বীর মুক্তিযোদ্ধাদের প্রতি সম্মান প্রদর্শন, জাতীয় পতাকার মর্যাদা সমুন্নত রাখা, মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস নতুন প্রজন্মের সম্মুখে তুলে ধরা ও জাতিকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ এবং সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে মহান বিজয় দিবস ২০২৫ পালনের জন্য সর্বাত্মক প্রস্তুতি গ্রহণের বিষয়ে সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। দিবসটি উদ্‌যাপনের জন্য মন্ত্রণালয় থেকে প্রেরিত কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীর নির্দেশনা মোতাবেক প্রতি বছরের ন্যায় এ বছরও সরকারের গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং | তারিখ ও সময় | কর্মসূচি/অনুষ্ঠান | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ০৯/১২/২০২৫ সকাল ১০:০০ ঘটিকা | গফরগাঁও মুক্ত দিবসের আনুষ্ঠানিক উদ্বোধন ও জাতীয় পতাকা উত্তোলন | উপজেলা পরিষদ চত্বর, গফরগাঁও, ময়মনসিংহ | গফরগাঁও মুক্ত দিবস উদ্‌যাপন উপ-কমিটি |
| ০২ | | গফরগাঁও মুক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষে ডাকবাংলো চত্বর হতে গফরগাঁও উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স পর্যন্ত বর্ণাঢ্য র‍্যালি | ডাকবাংলো চত্বর, গফরগাঁও, ময়মনসিংহ | গফরগাঁও মুক্ত দিবস উদ্‌যাপন উপ-কমিটি |
| ০৩ | ০৯/১২/২০২৫ সকাল ১১:০০ ঘটিকা | গফরগাঁও মুক্ত দিবস উদযাপন উপলক্ষে আলোচনা সভা | উপজেলা পরিষদ মিলনায়তন, গফরগাঁও, ময়মনসিংহ | অনুষ্ঠান আয়োজন উপ-কমিটি |
| ০২ | ১৪/১২/২০২৫ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা | শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে লঙ্কাঘাটা বধ্যভুমিতে পুষ্পস্তবক অর্পণ, মোমবাতি প্রজ্জ্বলন, দোয়া ও আলোচনা | লঙ্কাঘাটা বধ্যভূমি, গফরগাঁও, ময়মনসিংহ | পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি ও আলোচনা উপ-কমিটি |
| ০৩ | ১৪/১২/২০২৫ সুবিধাজনক সময়ে | শহিদ বুদ্ধিজীবী ও বীর মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থনা | সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয় | ইসলামিক ফাউন্ডেশন, সংশ্লিষ্ট মসজিদ, মন্দির,গির্জা প্যাগোডা কমিটি |
| ০৪ | ১৫/১২/২০২৫ সকাল ১০:০০ ঘটিকা | মহান বিজয় দিবস উপলক্ষ্যে বিভিন্ন প্রতিযোগিতা | সকল শিক্ষা প্রতিষ্ঠান | প্রতিযোগিতা উপ-কমিটি |
| ০৪ | ১৫/১২/২০২৫ সন্ধ্যা থেকে ১৬/১২/২০২৫ রাত ১২:০০ পর্যন্ত | মহান বিজয় দিবস উপলক্ষে গুরুত্বপূর্ণ সরকারি ভবন/স্থাপনাসমূহ ও বেসরকারি ভবনে আলোকসজ্জা। | সকল সরকারি/ বেসরকারি অফিস ও ভবনসমূহ | গফরগাঁও পৌরসভা/ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান। |
| ০৫ | ১৬/১২/২০২৫ সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন | সকল সরকারি ও বেসরকারি ভবন | সংশ্লিষ্ট অফিস কর্তৃপক্ষ ও ভবন মালিক |
| ০৬ | ১৬/১২/২০২৫ সূর্যোদয়ের সাথে সাথে | ৩১ বার তোপধ্বনির মাধ্যমে মহান বিজয় দিবসের শুভ সূচনা | কেন্দ্রীয় স্মৃতিসৌধ, গফরগাঁও | তোপধ্বনি ও পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি |

| ক্র:নং | তারিখ ও সময় | কর্মসূচি/অনুষ্ঠান | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | ১৬/১২/২০২৫ সূর্যোদয়ের সাথে সাথে (সম্ভাব্য ০৬.৩৪ মিনিট) | বীর শহিদদের আত্মার প্রতি শ্রদ্ধা জানাতে পুষ্পস্তবক অর্পণ | কেন্দ্রীয় স্মৃতিসৌধ, গফরগাঁও | তোপধ্বনি ও পুষ্পস্তবক অর্পণ উপ-কমিটি |
| ০৮ | ১৬/১২/২০২৫ সকাল ০৮.০০ ঘটিকা | আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, সম্মিলিত কুচকাওয়াজ ও শারীরিক কসরত প্রদর্শন (পুলিশ, আনসার, ফায়ার সার্ভিস ও বিএনসিসি/স্কাউটস/কাব স্কাউট/ গার্ল-ইন-স্কাউট) | মিনি স্টেডিয়াম, গফরগাঁও, ময়মনসিংহ | সম্মিলিত কুচকাওয়াজ ও শারীরিক কসরত উপ-কমিটি |
| ০৯ | ১৬/১২/২০২৫ সকাল ০৯.৩০ ঘটিকা | দিনব্যাপী আড়ম্বরপূর্ণ বিজয় মেলা (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত পণ্য) উদ্বোধন | মিনি স্টেডিয়াম, গফরগাঁও, ময়মনসিংহ | বিজয় মেলা উপ-কমিটি |
| ১০ | ১৬/১২/২০২৫ বেলা ১১.০০ ঘটিকা | বীর মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের সদস্যদের সংবর্ধনা | উপজেলা পরিষদ মিলনায়তন, গফরগাঁও, ময়মনসিংহ | সংবর্ধনা ও আলোচনা উপ-কমিটি |
| ১১ | ১৬/১২/২০২৫ বাদ জোহর/নিজস্ব সময়সূচী অনুযায়ী | জাতির শান্তি ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/ প্রার্থনা | সংশ্লিষ্ট মসজিদ, মন্দির ও অন্যান্য উপাসনালয়, গফরগাঁও | ইসলামিক ফাউন্ডেশন, সংশ্লিষ্ট মসজিদ, মন্দির,গির্জা প্যাগোডা কমিটি |
| ১২ | ১৬/১২/২০২৫ দুপুর ০২.০০ ঘটিকা | থানা, হাসপাতাল, এতিমখানায় উন্নত মানের খাবার পরিবেশন | উপজেলা হাসপাতাল, থানা ও বেসরকারি এতিমখানা | হাসপাতাল, থানা ও এতিমখানা কর্তৃপক্ষ |
| ১৩ | ১৬/১২/২০২৫ বিকাল ০৩.০০ ঘটিকা | প্রীতি ফুটবল প্রতিযোগিতা: উপজেলা প্রশাসন ও মুক্তিযোদ্ধা একাদশ | মিনি স্টেডিয়াম, গফরগাঁও, ময়মনসিংহ | ক্রীড়া উপ-কমিটি |
| ১৪ | ১৬/১২/২০২৫ বিকাল ৪:০০ ঘটিকা | আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান | মিনি স্টেডিয়াম, গফরগাঁও, ময়মনসিংহ | সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি |

সুষ্ঠু ও সুন্দরভাবে দিবসটি উদযাপনের লক্ষ্যে উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত ব্যক্তিগনের (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সমন্বয়ে মহান বিজয় দিবস কমিটি ও উপ-কমিটি গঠন করা হয়ঃ

**মহান বিজয় দিবস ২০২৫ উদ্‌যাপন কমিটি, গফরগাঁও, ময়মনসিংহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ | আহবায়ক |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি), গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৩ | অধ্যক্ষ, গফরগাঁও সরকারী কলেজ, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৪ | সকল সরকারি অফিসের অফিস প্রধান, গফরগাঁও, ময়মনসিংহ। | সদস্য |
| ০৫ | সভাপতি, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৬ | প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল), গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৮ | অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, শিক্ষা প্রতিষ্ঠান (সকল), গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৯ | সাধারণ সম্পাদক, উপজেলা স্কাউটস, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ১০ | সাধারণ সম্পাদক, উপজেলা গার্লস গাইড, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ১১ | প্রস্তুতিমূলক সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য | সদস্য |
| ১২ | সভাপতি/সম্পাদক, সকল সাংস্কৃতিক সংগঠন, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |

(ঢ) সম্মানিত বিচারকবৃন্দ উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে পদ |
|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ | আহবায়ক |
| ০২ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৪ | অতিরিক্ত উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৫ | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৭ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গফারগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৮ | ইন্সপেক্টর (তদন্ত),গফরগাঁও থানা, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |
| ০৯ | ইন্সপেক্টর (তদন্ত), পাগলা থানা, গফরগাঁও, ময়মনসিংহ | সদস্য |

প্রত্যেক উপ-কমিটির আহ্বায়ক তাঁর কমিটির সকল সদস্যকে নিয়ে জরুরী ভিত্তিতে সভার মাধ্যমে পরবর্তী করনীয় সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং উপ-কমিটির সভার কার্যবিবরণী আগামী ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করবেন।

সভায় আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

০১। দিবসটিতে কেন্দ্রীয় স্মৃতিসৌধ, বধ্যভূমি পরিষ্কার ও রং করা সহ আনুষঙ্গিক কাজ সম্পাদন, মিনি স্টেডিয়াম লেভেলিং ও পৌরসভার গুরুত্বপূর্ণ স্থানে আলোকসজ্জা এবং উপজেলা পরিষদ চত্বর হতে জামতলা মোড় সহ মিনি স্টেডিয়াম মাঠ পর্যন্ত রাস্তার দু'পাশে রঙ্গিন পতাকা ও জাতীয় পতাকা সম্বলিত শোভাবর্ধন করার জন্য প্রশাসক, গফরগাঁও পৌরসভা, গফরগাঁওকে অনুরোধ করা হয়।

০২। দিবসটিতে অনুষ্ঠানস্থলে সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য অফিসার ইনচার্জ, গফরগাঁও থানা ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, গফরগাঁও, ময়মনসিংহকে প্রয়োজনীয় সংখ্যক ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হয়।

০৩। ১৬ ডিসেম্বর ২০২৫ মহান বিজয় দিবসে সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে মহান বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে দিবসটির সাথে সংগতিপূর্ণ অনুষ্ঠান করতে হবে। উপজেলা শিক্ষা অফিসার সকল ক্লাস্টারের সহকারি শিক্ষা অফিসারগণের সমন্বয়ে সভা করবেন এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও তার অফিসের অন্যান্য কর্মকর্তা মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান সমূহের বিষয়ে মনিটরিং করবেন।

০৪। মহান বিজয় দিবসে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য নির্বাহী প্রকৌশলী, পিডিবি ও ডিজিএম পল্লী বিদ্যুৎ গফরগাঁও ময়মনসিংহকে অনুরোধ করা হয়।

০৫। মহান বিজয় দিবস উপলক্ষে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গফরগাঁও , ময়মনসিংহ কে ফ্রি স্বাস্থ্যসেবা প্রদানের জন্য অনুরোধ করা হয়।

০৬। ১৪ ডিসেম্বর এবং ১৫ ডিসেম্বর বধ্যভূমিতে পানি ছিটানোসহ মহান বিজয় দিবসে গরু হাটা মিনি স্টেডিয়াম মাঠে পানি ছিটিয়ে সুন্দর পরিবেশ রক্ষার জন্য স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গফরগাঁও, ময়মনসিংহকে অনুরোধ করা হয়।

০৭। মহান বিজয় দিবসে জাতীয় পতাকা বিধি মোতাবেক উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

০৮। উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারী দিবসটিতে উপস্থিত থাকার বিষয়টি সকল দপ্তর প্রধানগণ নিশ্চিত করবেন।

০৯। ০৯ ডিসেম্বর ২০২৫ তারিখ গফরগাঁও মুক্ত দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলণসহ র‍্যালি ও আলোচনা সভা

১০। ১৪ ডিসেম্বর ২০২৫ তারিখ শহীদ বুদ্ধিজীবী দিবস উদ্‌যাপন উপলক্ষে বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ।

১১। ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষে মাঠে খাবার পানির সরবরাহ করার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), গফরগাঁও, ময়মনসিংহকে অনুরোধ করা হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

23.11.25

(এন. এম. আবদুল্লাহ-আল-মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ
মোবা: ০১৭৩৩-৩৭৩৩৩৮
ই-মেইল: unogafargaon@gmail.com

স্মারক নম্বর- ০৫.৪৫.৬১২২.০০৭.২৩.০১৪.২৫-১০৪৯(৬০)

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩২ / ২৩ নভেম্বর ২০২৫

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ
০৪। প্রশাসক, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ
০৫। অতিরিক্ত পুলিশ সুপার, গফরগাঁও সার্কেল, গফরগাঁও, ময়মনসিংহ
০৬। সহকারী কমিশনার (ভূমি), গফরগাঁও, ময়মনসিংহ
০৭। অফিসার ইনচার্জ, গফরগাঁও থানা/ পাগলা থানা, গফরগাঁও, ময়মনসিংহ
০৮। উপজেলা ---মাধ্যমিক শিক্ষা--- অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ
০৯। প্রশাসক ------------------------------------------ ইউপি,(সকল) গফরগাঁও, ময়মনসিংহ
১০। জনাব ------------------------------------------------------------------------------ গফরগাঁও, ময়মনসিংহ
১১। সকল উপকমিটির আহ্বায়ক, গফরগাঁও, ময়মনসিংহ
১২। অফিস কপি

23.11.25
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ